

প্রেস রিলিজ

১৬ মে ২০২৫

বাউবিতে এমফিল ও পিএইচডি গবেষকদের জন্য “গবেষণার যাত্রা: প্রস্তাবনা থেকে
থিসিস লেখালেখি” বিষয়ক কর্মশালার উদ্বোধন:



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) আজ ১৬ মে ২০২৫ তারিখ শুক্রবারে “গবেষণার যাত্রা: প্রস্তাবনা থেকে থিসিস লেখালেখি” শীর্ষক ১৬-১৭ মে ২০২৫ তারিখ পর্যন্ত দুদিনব্যাপী এক কর্মশালার উদ্বোধন করেন, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম। ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত বাউবি গাজীপুর ক্যাম্পাসের সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রের লেকচার গ্যালারীতে অনুষ্ঠিত এই কর্মশালায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এমফিল ও পিএইচডি দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ ব্যাচের প্রায় ৭০ জন গবেষক অংশগ্রহণ করছেন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম বলেন, “একজন সফল গবেষকের যাত্রা শুরু হয় একটি ভালো গবেষণা প্রস্তাবনা থেকে এবং শেষ হয় সুসংগঠিত থিসিস জমাদানের মাধ্যমে। এই কর্মশালাটি গবেষকদের একাডেমিক পথচলায় একটি গুরুত্বপূর্ণ সহায়ক শক্তি হয়ে উঠবে।”

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম। বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান, আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ মামুনুর রশীদ ও রিসার্চ ডিগ্রি ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ড. মোঃ শওকত আলী কর্মশালায় উপস্থিত ছিলেন। কর্মশালার প্রথম দিনে গবেষণার বিষয় নির্বাচন, গবেষণা প্রস্তাবনা প্রণয়ন, সাহিত্য পর্যালোচনার কৌশল এবং গবেষণার নৈতিকতা সংক্রান্ত সেশন অনুষ্ঠিত হয়। পরবর্তী দিনে তথ্য সংগ্রহ, বিশ্লেষণ, থিসিস লেখার কাঠামো, ফলাফল উপস্থাপন ও ভাইভা প্রস্তুতির ওপর গুরুত্ব দেওয়া হবে। কর্মশালায় অভিজ্ঞ গবেষক ও বিশেষজ্ঞগণ রিসোর্স পারসন/আলোচক হিসেবে অংশ নিচ্ছেন।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

উপ-পরিচালক

মোবাইলঃ ০১৭১৪৫০৫৭৪৭